যুগান্তর

তারিখ 03 FEB 2016
পৃষ্ঠা ২৭ কলাম ৬

# স্কুলে অবৈধ ভর্তিসহ ৩ ইস্যু : আজ শিক্ষামন্ত্রীর সংবাদ সম্মেলন

যুগান্তর রিপোর্ট

শিক্ষাবর্ষ আরম্ভের একমাস পর রাজধানীর বিভিন্ন স্কুলে অবৈধভাবে শিক্ষার্থী ভর্তির তোড়জোড় শুরু হয়েছে। অবৈধ এ কার্যক্রমের ওপর নির্দেশনা দিতে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ আজ সংবাদ সম্মেলন ডেকেছেন। বেলা ১১টায় তার দফতরে এটি অনুষ্ঠিত হবে।

মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য কর্মকর্তা মো. সাইফুল্লাহ জানান, সংবাদ সম্মেলনে শিক্ষার্থীদের ভর্তির ইস্যুতে সরকার নির্ধারিত সিলিং (ফি'র হার) নির্ধারণ করে দেয়ার বিষয়েও শিক্ষামন্ত্রী কথা বলবেন। আর একজন অতিরিক্ত সচিব বলেন, এতে চলমান এসএসসি পরীক্ষার ফরম পূরণে বাড়তি ফি আদায়কারী স্কুলের বিরুদ্ধে আদালতের নির্দেশনা অনুযায়ী অ্যাকশনের বিষয়টি নিয়েও শিক্ষামন্ত্রী সংবাদ সম্মেলনে কথা বলবেন।

শিক্ষা মন্ত্রণালয়ের একজন অতিরিক্ত সচিব ও যুগ্মসচিব যুগান্তরকে জানান, মতিঝিল আইডিয়াল স্কুল ও কলেজসহ রাজধানীর বেশ কয়েকটি স্কুলে অবৈধ ভর্তির তোড়জোড় শুরু হয়েছে। বিশেষ করে আইডিয়াল স্কুলে প্রায় ২৩শ' ছাত্রছাত্রী ভর্তির কথা শোনা যাচ্ছে। গভর্নিং বডির কয়েকজন সদস্য এ নিয়ে নেপথ্যে কাজ করছেন। তারা তাদের বাসায়-অফিসে অভিভাবকদের কাছ থেকে টাকা নিয়ে ফরম পূরণের ব্যবস্থা করছেন। ওই কর্মকর্তা বলেন, গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন থেকে মন্ত্রণালয় জানতে পেরেছে যে, এ ক্ষেত্রে ওই স্কুলের গভর্নিং বডির কয়েকজন সদস্য বলেছেন— অবৈধ ভর্তির বিষয়ে নাকি এই মন্ত্রণালয়েরও তদবির আছে। মন্ত্রী এ বিষয়ই পরিষ্কার করবেন যে, অবৈধ ভর্তির বিষয়ে মন্ত্রণালয়সহ শিক্ষা বিভাগের কোনো তদবির বা চাপ কিছুই নেই। একই সঙ্গে এ বিষয়ে মন্ত্রণালয়ের অবস্থানও তিনি তুলে ধরবেন। এই দুই কর্মকর্তা আলাদাভাবে আরও জানান, বর্তমানে চলমান এসএসসি পরীক্ষার ফরম পূরণের কাজ হয়েছে গত বছরের নভেম্বরে। তখন বেশকিছু স্কুল বোর্ড নির্ধারিত ফি'র বেশি নিয়েছে। এ বিষয়ে হাইকোর্ট থেকে দুটি নির্দেশনা এসেছে। একটি হচ্ছে, সরকারের আদেশ এবং হাইকোর্টের রুলের নির্দেশনা অমান্যের দায়ে অতিরিক্ত অর্থ নেয়া স্কুলের কমিটি ভেঙে দেয়া। আরেকটি হচ্ছে, অতিরিক্ত অর্থ ফেরতের নির্দেশ দেবে মন্ত্রণালয়। যেসব স্কুল ফেরত দেবে না, তাদের তালিকা আদালতকে অবহিত করতে হবে। এসব বিষয়ে মন্ত্রণালয়ের অবস্থান ও নির্দেশনাও সংবাদ সম্মেলনে জানানো হবে।